

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নং- ৪৬. ০০. ০০০০. ০৩৯. ০১১. ০৪৫. ২০১৬- ৪০২

তারিখঃ ১৭ চৈত্র ১৪২৭
৩১ মার্চ ২০২১

প্রজ্ঞাপন

যেহেতু, করোনা ভাইরাসের প্রাদুর্ভাবজনিত পরিস্থিতি পর্যালোচনার লক্ষ্যে ৩১/০৩/২০২১ তারিখ, বুধবার, বেলা ০৩.০০ টায় প্রধানমন্ত্রীর মুখ্য সচিব ড. আহমদ কায়কাউস এর সভাপতিত্বে ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে সভা অনুষ্ঠিত হয়। স্থানীয় সরকার বিভাগের প্রোগ্রামার জনাব মোঃ শফিকুল ইসলাম ভিডিও কনফারেন্সিং- এর সংযোগ সঠিকভাবে দিতে পারেননি এবং সিনিয়র সচিব এর আদেশ যথাযথভাবে পরিপালন করতে পারেননি। ফলে তিনি কর্তব্য সম্পাদনে অবহেলা করেছেন;

যেহেতু, উক্ত অভিযোগের পরিপ্রেক্ষিতে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ২(খ) অসদাচরণ এর অভিযোগে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে; এবং

যেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ১২(১) বিধি মোতাবেক তাকে চাকুরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা প্রয়োজন ও সমীচীন;

সেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ১২(১) নং বিধি অনুসারে জনাব মোঃ শফিকুল ইসলাম, প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগকে চাকুরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হল।

০২। তিনি সাময়িকভাবে বরখাস্ত থাকা কালে বিধি মোতাবেক খোরপোষ ভাতা প্রাপ্য হবেন।

০৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,



(হেলালুদ্দীন আহমদ)

সিনিয়র সচিব

স্থানীয় সরকার বিভাগ

নং- ৪৬. ০০. ০০০০. ০৩৯. ০১১. ০৪৫. ২০১৬- ৪০২-২(২)

তারিখঃ ১৭ চৈত্র ১৪২৭
৩১ মার্চ ২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলঃ-

- ১। অতিরিক্ত সচিব (সকল)/মহাপরিচালক (মইই), স্থানীয় সরকার বিভাগ।
- ২। যুগ্মসচিব/পরিচালক (সকল), স্থানীয় সরকার বিভাগ।
- ৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
- ৪। উপসচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ।
- ৫। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্থানীয় সরকার বিভাগ, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৬। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ৭। সিনিয়র সহকারী সচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ।
- ৮। জনাব মোঃ শফিকুল ইসলাম, প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ।
- ৯। সহকারী সচিব (সকল)/হিসাবরক্ষণ কর্মকর্তা/সহকারী প্রোগ্রামার/সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, স্থানীয় সরকার বিভাগ।

M. M. Rahman
৩১/০৩/২০২১
এ কে এম মিজানুর রহমান
উপসচিব